

ল্যাম্পি ফিন ডিজিজ সংক্রান্ত জরুরী সভার কার্যবিবরণী

সভাপতিঃ

ডাঃ মোঃ মাহফুজার রহমান  
জেলা প্রাণিসম্পদ অফিসার, জয়পুরহাট।

স্থানঃ জেলা প্রাণিসম্পদ অফিসার, জয়পুরহাট এর সম্মেলন কক্ষ।

তারিখঃ ৯ জুলাই ২০২৩ খ্রিঃ।

সময়ঃ দুপুর- ২.৩০ ঘটিকা।

রোজঃ রবিবার

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সম্প্রতি জয়পুরহাট জেলার বিভিন্ন উপজেলায় ল্যাম্পি ফিন ডিজিজ (এলএসডি) রোগের সংক্রমণ দেখা দিয়েছে। রোগটি নিয়ন্ত্রণের লক্ষে জেলা-উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাদের নিয়ে বিস্তারিত আলোচনা করার জন্য কর্মকর্তাদের অনুরোধ করা হয়।

সভায় ভেটেরিনারি অফিসার জানান যে, জেলার সকল উপজেলায় রোগটি কমবেশী দেখা দিয়েছে। এবার রোগটির প্যাটার্ন কিছুটা ভিন্নতর হওয়ায় তা নিয়ন্ত্রণে দ্রুত পদক্ষেপ নিতে না পারলে রোগটি ব্যাপক আকারে ছড়িয়ে যেতে পারে। এব্যাপারে তিনি উপজেলা কর্মকর্তাদের আরও তৎপর হওয়ার জন্য অনুরোধ করেন।


সভায় জেলা ট্রেনিং অফিসার বলেন এলাকা ভিত্তিক ল্যাম্পি ফিন ডিজিজ (এলএসডি) ডাকসিন প্রদান করা গেলে রোগটি নিয়ন্ত্রণে রাখা সম্ভব।


উপজেলা কর্মকর্তাগণ নিজ নিজ উপজেলার চিত্র সভায় উপস্থাপন করেন এবং এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সকল কর্মকর্তাদের সুপারিশের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহঃ

- ১। আশ্রয় পশুকে অধিদপ্তর কর্তৃক প্রেরিত ল্যাম্পি ফিন ডিজিজ (এলএসডি) গাইড লাইন মোতাবেক চিকিৎসা প্রদান।
- ২। আশ্রয় পশুকে সুস্থ পশু থেকে আলাদা করে রাখা। সম্ভব হলে অসুস্থ পশুকে মশাভীর ভিতর রাখার ব্যবস্থা করা।
- ৩। খামারের ভিতর এবং চারপাশে সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।
- ৪। খামারকে মশা/মাছি মুক্ত রাখতে নিয়মিত মশা নিরোধক ঔষধ স্প্রে করা।
- ৫। সুস্থ পশুকে ডাকসিন প্রদানের ব্যবস্থা করা।
- ৬। প্রাণিসম্পদ বিভাগের সকল মাঠপর্যায়ের কর্মীদের নিয়ে সভা করা এবং খামারি/কৃষকদের সচেতনতা বৃদ্ধি করার জন্য নিয়মিত উঠান-বৈঠক করা।
- ৭। বিভিন্ন প্রকল্পের উপকার ভোগীদের মাধ্যমে সাধারণ কৃষকদের সচেতনতা বৃদ্ধির জন্য পরামর্শ প্রদান করা।
- ৮। ল্যাম্পি ফিন ডিজিজ (এলএসডি) গাইড লাইন মোতাবেক চিকিৎসা প্রদানে এলাকা ভিত্তিক পল্লী চিকিৎসকদের নিয়ে তাদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা।
- ৯। জেলা থেকে ডাকসিন সংগ্রহপূর্বক উপজেলা ভিত্তিক ডাকসিনেশন টিম গঠন করে প্রয়োগের ব্যবস্থা করা।
- ১০। যে কোন গুরুতর অসুস্থ পশুকে প্রয়োজনে জেলা ভেটেরিনারি হাসপাতালে প্রেরণের ব্যবস্থা করা অথবা ভেটেরিনারি অফিসারের পরামর্শ মোতাবেক চিকিৎসা প্রদান করা।
- ১১। যে কোন পরামর্শ গ্রহণের জন্য কম্বুল রুমে যোগাযোগ করা। কম্বুল রুমের নম্বর ০১৩২৪২৮৯৩০১।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(ডাঃ মোঃ মাহফুজার রহমান)  
জেলা প্রাণিসম্পদ অফিসার  
জয়পুরহাট।

  
১০/৭/২৩